বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা

...

| | |
|---|---|
| সভাপতি | ড. শাহনাজ আরেফিন. এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. (বুধবার) |
| সভার সময় | সকাল ৯.৩০ ঘটিকা |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-২, লেবেল-১০ |
| উপস্থিতি | সংযোজনী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। **সভার শুরুতে সভাপতি বলেন, সভায় গতানুগতিক আলোচনার পরিবর্তে সুনির্দিষ্টভাবে প্রকল্পসমূহের বাস্তবায়ন সমস্যা, অর্থছাড়, মাঠ পর্যায়ের কাজের সমন্বয়হীনতা বা সাংঘর্ষিক ইত্যাদি বিষয়াদি উপস্থাপন করতে হবে। সে অনুযায়ী প্রকল্প পরিচালকগণ নিজ নিজ প্রকল্প বিষয়ে আগামী সভায় উপস্হাপন/আলোচনা করবেন।**

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা) জনাব জেসমীন আকতার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোনো প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা (Confirmed) হয়। অতঃপর তিনি সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে এডিপিভুক্ত ১৩টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৮৯৭৬৬.৩৪ (দুই হাজার আটশত সাতানব্বই কোটি ছেষট্টি লক্ষ চৌত্রিশ হাজার) লক্ষ টাকা, এডিপিতে বরাদ্দ ১৪২১২৩.০০ (এক হাজার চারশত একুশ কোটি তেইশ লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ২৯ কোটি ৭২ লক্ষ ৯৮ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে জানুয়ারি ২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২.০৯%। অন্যদিকে এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় অগ্রগতি (ডিসেম্বর পর্যন্ত) ২৪.০৬%।

৩। এ পর্যায়ে উপসচিব, উন্নয়ন-৩ অধিশাখা প্রকল্প ভিত্তিক আর্থিক অগ্রগতি তুলে ধরেন। অতঃপর সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প**<br>মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১২৯৯ কোটি ২১ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৬৫ কোটি ৭৭ লক্ষ ৯৫ হাজার টাকা। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ১৭ কোটি ১৫ লক্ষ ৫৭ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৩২%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) ট্যাব ক্রয়ের জন্য তৃতীয় দফায় টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন। যদি ক্রয় কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করা যায় তাহলে মে-২০২২ এ মূল শুমারি করা সম্ভব হবে। | ক) ট্যাব ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্প টিম সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবেন। কোনো কারণে ট্যাব ক্রয় প্রক্রিয়া বিঘ্নিত/বিলম্বিত হলে শুমারি পরিচালনার বিষয়ে একটি বিস্তারিত কর্মপরিকল্পনা (প্ল্যান-বি) পরবর্তী সভায় প্রকল্প পরিচালক উপস্থাপন করবেন। উক্ত পরিকল্পনায় প্রশাসনিক, আর্থিক ও কারিগরি বিষয় আলাদাভাবে উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) এবং প্রকল্প পরিচালক |
| ২ | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প।**<br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা)।<br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩৪ কোটি ৭০ লক্ষ টাকা (জিওবি ৪ কোটি ৫০ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ৩০ কোটি ২০ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ৩৭ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ৩ কোটি ৫৭ লক্ষ ২৮ হাজার টাকা (জিওবি: ৮৯ লক্ষ ১৭ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ২ কোটি ৬৮ লক্ষ ১১ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১০.৩০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) কর্মপরিকল্পন অনুযায়ী কার্যক্রম চলমান। অর্থবছর শেষে প্রকল্পের আর্থিক অগ্রগতি শতভাগ অর্জন করা সম্ভব হবে। | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন ও প্রতিশ্রুত আর্থিক অগ্রগতি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প।**<br>প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৩ - ডিস্বের ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা (জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা)।<br>প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন (উপসচিব)। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১৯ কোটি ৫৫ লক্ষ (জিওবি: ১ কোটি ৯৭ লক্ষ টাকা, প্র.সা. ১৭ কোটি ৫৮ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৮ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ৩ কোটি ৮৪ লক্ষ ৫৫ হাজার টাকা (জিওবি: ১৪ লক্ষ ৯৫ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৩ কোটি ৬৯ লক্ষ ৬০ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৯.৬৭%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পে নিয়োজিত পরামর্শক ফার্ম Xerox India Ltd. এর সাথে ২৪/০১/২০২২ তারিখে সংশোধিত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এছাড়া সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী দৈবচয়নভাবে ৭৩৫টি মূল প্রশ্নপত্রের সাথে Xerox India Ltd. এর ডাটাবেজ এবং Synergy International MIS- ডাটা যাচাই করা হয়েছে, প্রাপ্ত ত্রুটি বিচ্যুতি নোট করে বিষয়টি পরামর্শক ফার্ম Xerox India Ltd. এবং Synergy International-কে অবহিত করা হয়েছে। | ক) প্রাপ্ত ত্রুটি বিচ্যুতি দূরীকরণের লক্ষ্যে Xerox India Ltd. কে সময় নির্ধারণ করে দিতে হবে এবং কার্যসম্পাদনের জন্য জনবল, লজিস্টিকসহ অন্যান্য বিষয় উভয়পক্ষ মিলে ঠিক করে দ্রুত কাজ শুরু করতে হবে। সম্পাদিত কাজের অগ্রগতি এ বিভাগের সচিব মহোদয়সহ ADP পর্যালোচনা সভাকে নিয়মিত অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), SID ও প্রকল্প পরিচালক |
| ৪ | **হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১)প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ:  জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৭ কোটি ৮২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ১২ লক্ষ টাকা (জিওবি)। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ৬৫ লক্ষ ৪৭ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৮.৩৭%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) মাঠ পর্যায়ে  HIES-2022 জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান।<br>খ) নির্ধারিত সময়ে তথ্য সংগ্রহ কাজ সম্পন্ন হলেও প্রাপ্ত তথ্য প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ও রিপোর্ট প্রণয়নসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে। | ক) পার্বত্য জেলাসহ ভৌগলিক অবস্থানের কারণে দুর্গম জেলায়  নিয়োজিত গণনাকারীদের কাজ নিবিড়ভাবে তদারকি করতে হবে, যাতে সংগৃহীত তথ্যের মান দেশের অন্যন্য এলাকা থেকে সংগৃহীত তথ্যের সমমানের হয়।<br>খ) TAPP সংশোধনের প্রয়োজন হলে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প।**<br>প্রকল্পের মেয়াদ:<br>মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪৪ কোটি ৫২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২১ কোটি ৪ লক্ষ টাকা। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ১ কোটি ৩০ লক্ষ ৪৮ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২.৯৩%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) কর্মপরিকল্পনা অনুযায়ী ডাটা এনালাইসিস এবং খসড়া টেবিল প্রস্তুতের কাজ চলমান। অক্টোবর ২০২২ এর মধ্যে রিপোর্ট প্রণয়ন করার লক্ষ্যে কাজ চলমান। | ক) অধিকতর দ্রুততার সাথে রিপোর্ট প্রণয়নের জন্য কার্যক্রম জোরদার করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ৬ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project**।<br>প্রকল্পের মেয়াদ: মার্চ ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক :<br>জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ১৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৬ লক্ষ ৯৯ হাজার টাকা। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ৪২ লক্ষ ৯ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৩.৩৬%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে ৬টি কম্পোনেন্টে/ইনডেক্স রিবেজ করা গেলেও সকল প্রোটোকল পরিপালন করা সম্ভব হবে না। প্রোটোকল মেনে রিবেজিং করতে হলে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। | ক) প্রকল্পের ৬টি কম্পোনেন্টে/ ইনডেক্স রিবেজিং সম্পন্ন করার ক্ষেত্রে সকল প্রোটোকল মানতে হবে, যাতে প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যাহত না হয়। এজন্য করণীয় নির্ধারণপূর্বক কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |
| ৭ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প**<br>মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬ কোটি ৪৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ৩ লক্ষ ৬৪ হাজার টাকা। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ৯৫ লক্ষ ৭২ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৪.৮৪%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান। আর্থিক ও বাস্তব অগ্রগতি শতভাগ অর্জন করার লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত আছে। | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিশ্রুত আর্থিক ও বাস্তব অগ্রগতি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।**<br>মেয়াদ: জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬৪ লক্ষ ৪৩ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫১ লক্ষ ৪৮ হাজার টাকা। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ১৮ লক্ষ ৬৯ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৮.১৫%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) জরিপের খসড়া রিপোর্ট ও Key Findings বিষয়ে স্টেকহোল্ডারদের সাথে সভা করার প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে।<br>খ) জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১, জনশুমারি ও গৃহগণনা-২০২১, শ্রমশক্তি জরিপ ২০২২ এবং খানা আয় ও ব্যয় জরিপ ২০২২ ইত্যাদি শুমারি/জরিপের প্রতিবন্ধিতা সংক্রান্ত রিপোর্ট অন্তর্ভুক্ত করে মনোগ্রাফ আকারে একটি কম্প্রিহেনসিভ রিপোর্ট প্রকাশ করার বিষয়ে উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আলোচনা চলছে। | ক) স্টেকহোল্ডারদের নিয়ে দ্রুত সভা আয়োজন করতে হবে।<br>খ) চলমান অন্য যেসব জরিপ/শুমারিতে বিশেষভাবে জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প, খানার আয় ও ব্যয় জরিপ ২০২০-২০২১ শীর্ষক প্রকল্প এবং শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্পের মাধ্যমে প্রতিবন্ধিতা সংক্রান্ত সংগৃহীত তথ্য দ্বারা জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপের একটি একীভূত রিপোর্ট প্রস্তুত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং প্রকল্প পরিচালক |
| ৯ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪ কোটি ১৯ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ৯৪ লক্ষ ৯৬ হাজার টাকা। জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় ৭৪ লক্ষ ১৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৭.৭০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) মাঠ পর্যায়ে জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান। | ক) দুর্যোগপ্রবণ ও পার্বত্য জেলায় নিয়োজিত গণনাকারীদের কাজ নিবিড়ভাবে তদারকি করতে হবে, যাতে সংগৃহীত তথ্যের মান নিশ্চিত করা যায়। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ১০ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬০ লক্ষ টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>বেগম রেশমা জেসমিন, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পটি বরাদ্দবিহীনভাবে ২০২১-২০২২ অর্থবছরে অনুমোদিত হয়েছে। বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনে নির্ধারিত ছকে প্রস্তাব প্রেরণ প্রক্রিয়াধীন। | ক) বরাদ্দপ্রাপ্তির জন্য প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ১১ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১ থেকে জুন ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৯৯ লক্ষ ২০ হাজার টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>বেগম সৈয়দা মারুফা শাকি, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) RADP'তে বরাদ্দ চাওয়া হয়েছে, কর্মপরিকল্পন অনুযায়ী অন্যান্য কার্যক্রম চলমান। | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন এবং বরাদ্দ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২২-ডিসেম্বর ২০২৩<br>প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে কোন বরাদ্দ নেই।<br>ক) প্রকল্পটির প্রশাসনিক আদেশ ২৪/০১/২০২২ তারিখে জারি করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ প্রক্রিয়া চলমান। | ক) প্রকল্প পরিচালক নিয়োগের জন্য দ্রুত ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

**৪। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি-তে অন্তর্ভুক্ত ও এডিপি বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ**

| **ক্রঃনঃ** | **প্রকল্পের নাম** | **আলোচনা** | **গৃহীত সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|---|---|
| ১ | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২১-জুন ২০২৩ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৪১ কোটি ৯৭ লক্ষ ৩৬ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস | ৩১/০১/২০২২ তারিখ প্রকল্পটির ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। এছাড়াও প্রস্তাবিত প্রকল্পটির ডিপিপি-তে অন্তর্ভুক্ত জনবল বিষয়ে অর্থ বিভাগের মতামত গ্রহণের জন্য ৩১/০১/২০২২ তারিখ অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | প্রকল্পটি অনুমোদনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখবেন। | মহাপরিচালক, বিবিএস, উপসচিব (পরিকল্পনা অধিশাখা) SID, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| ২ | **অর্থনৈতিক শুমারি ২০২৩**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২২-জুন ২০২৭ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৬৬০ কোটি ৮১ লক্ষ ৮ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | প্রকল্পটির বিষয়ে ২৬/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত অবহিতকরণ সভার পর্যবেক্ষণের আলোকে ০২/০১/২০২২ তারিখে ডিপিপি পুনর্গঠন করে এ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র এবং ৩১/০১/২০২২ তারিখ তাগিদ পত্র দেয়া হয়েছে। | প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ৩ | **National Population Register (NPR) Bangladesh Project**<br>প্রস্তাবিত মেয়াদ: ০১ জানুয়ারি, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত।<br>প্রস্তাবিত ব্যয়: ২০৬১ কোটি ২৮ লক্ষ টাকা (জিওবি : ১৭৩২ কোটি ২৮ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য : ৩২৯ কোটি টাকা)।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | NPR প্রণয়ন বিষয়ে নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর ২১/১২/২০২১ তারিখে উপস্থাপন করা হয়েছে। ১০/০২/২০২২ তারিখে মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। | কর্মশালায় প্রাপ্ত মতামতের আলোকে দ্রুত পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

**৫.০। বিবিধ:**

| ক্রঃনঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | **গণনাকারীদের তালিকা প্রস্তুত সংক্রান্ত।** | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন জরিপ প্রকল্পসমূহের আওতায় গত ৫ বছরে নিয়োজিত গণনাকারীদের এবং বিবিএস এর নিজস্ব গণনাকারীদের তালিকা প্রস্তুত করা প্রয়োজন। | বিগত ৫ বছরে বিভিন্ন জরিপ প্রকল্পে নিয়োজিত গণনাকারী এবং বিবিএস এর নিজস্ব গণনাকারীদের একটি তালিকা প্রস্তুতের লক্ষ্যে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন ও এর জন্য NSDS প্রকল্প পরিচালকের সহযোগিতা নিয়ে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করবেন এবং আগামী সভায় অগ্রগতি জানাবেন। | মহাপরিচালক, বিবিএস এবং প্রকল্প পরিচালক, এনএসডিএস |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. শাহনাজ আরেফিন. এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২০.০৬.৪৪০.১৮.৩১

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৮
২০ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) উন্নয়ন প্রকল্পসমূহের মাসিক পর্যালোচনা সভায় আমন্ত্রিত কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

২) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৩) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ

৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পরিকল্পনা বিভাগ

৫) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

জেসমীন আকতার
উপসচিব